



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নম্বর-৪৬.০২.৯৩৪৭.০০০.১৪.০০৫.২০-১৮২

তারিখঃ ০৭/১০/২০২১ ইং

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৪ নভেম্বর ২০২১ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.৩০ ঘটিকার সময় কালিহাতি উপজেলা পরিষদের 'যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত উপজেলা কমিটি'র সভা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মো: আখতারুজ্জামান এর সভাপতিত্বে তার অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ।
- ২। সোলার স্ট্রিট লাইট সম্পর্কিত আলোচনা।
- ৩। বিবিধ।

প্রাপক

.....  
.....

কালিহাতি, টাঙ্গাইল।

(মো: আমিনুল ইসলাম)  
উপজেলা প্রকৌশলী  
এলজিইডি

ও

সদস্য সচিব

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত উপজেলা কমিটি  
উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৩। অফিস কপি।

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।  
সভার তারিখ : ১৪/১০/২০২১ ইং  
সময় : সকাল ১০.৩০ টা  
সভার স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি এর অফিস কক্ষ।  
উপস্থিত সদস্যবৃন্দ : পৃথকভাবে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিহাতিতে সভা পরিচালনা করার অনুরোধ করেন। অতপর গত সভার কার্যপত্রে কোন সংশোধনী আছে কিনা জানতে চান এবং কোন সংশোধনী না থাকায় আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিতভাবে অধ্যকার সভার কার্যক্রম শুরু করেন।


১। জনাব এম. এ. মালেক ভূইয়া, চেয়ারম্যান, দশকিয়া ইউনিয়ন পরিষদ, কালিহাতি সভায় বলেন, অত্র উপজেলার বিভিন্ন জনবহুল স্থান বিশেষ করে জনবহুল হাট-বাজার, গোরস্থান, শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন অনেক জায়গাই রয়েছে যেখানে অন্ধকারে নিমজ্জিত থাকছে। এতে করে চুরি-ডাকাতিসহ মানুষ চলাচলের মারাত্মক সমস্যা হচ্ছে। বিভিন্ন অপকর্ম ও দুর্ঘটনা রোধে জরুরি ভিত্তিতে উক্ত স্থানগুলোতে সোলার স্ট্রিট লাইট স্থাপন করে আলোকিত করা প্রয়োজন।

২। জনাব মো: আ: জলিল, কো-অপ্ট সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো সম্পর্কিত উপজেলা কমিটি, কালিহাতি সভায় বলেন, কালিহাতি উপজেলার বিভিন্ন জনবহুল রাস্তার মোড়ে এবং গোরস্থানে যাওয়ার রাস্তাগুলোতে বিদ্যুতের লাইট না থাকায় অন্ধকারের কারণে নানাবিধ সমস্যা হচ্ছে। তাই জরুরি ভিত্তিতে উক্ত জনবহুল রাস্তার মোড় এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ গোরস্থানে সোলার স্ট্রিট লাইট স্থাপন করে আলোকিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্তসমূহ :

১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) থেকে কালিহাতি উপজেলার আওতাধীন জনবহুল স্থান ও জনগুরুত্বপূর্ণ স্থানে সোলার স্ট্রিট লাইট (সড়ক বাতি) স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ।

অধ্যকার সভার অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১৪/১০/২০২১  
(মো: আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ

ও

সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত উপজেলা কমিটি  
উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৪৬.২০৩.৯৩৪৭.০৬৩.০৬.০০১.১৫/ ২৯০

তারিখঃ ১৭/১০/২০২১ ইং

অনুলিপি:

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।

২। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।

৩। চেয়ারম্যান, . . . . . ইউনিয়ন পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।

৪। জনাব . . . . . কো-অপ্ট সদস্য, যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত উপজেলা কমিটি

৫। অফিস নথি।



উপজেলা প্রকৌশলী  
এলজিইডি

ও

সদস্য সচিব

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত উপজেলা কমিটি  
উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।